সংবাদ

তারিখ 13 APR 2003
পৃষ্ঠা ১২ ... ৭

# শিক্ষা ভবনের সামনে : সমাবেশের কর্মসূচি

৪১ জন উপসচিবসহ ১শ' ৪০ জন প্রশাসন ক্যাডারের কর্মকর্তাকে শিক্ষা সংশ্লিষ্ট অফিস থেকে প্রত্যাহারের দাবিতে ২৭শে এপ্রিল শিক্ষা ভবনের সামনে সমাবেশের ডাক দিয়েছেন শিক্ষা ক্যাডারের কর্মকর্তা ও শিক্ষকরা। শুক্রবার সকালে তোপখানা রোডের শিক্ষাবিদ ইনস্টিটিউটে বিএসএস সাধারণ শিক্ষা সমিতির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সমিতির সভাপতি অধ্যাপক রফিক উদ্দিন সভায় সভাপতিত্ব করেন। সভায় সারাদেশ থেকে সমিতির কেন্দ্রীয় ও জেলা কর্মকর্তারা অংশ নেন।

উল্লেখ্য, সম্প্রতি শিক্ষা সংশ্লিষ্ট অফিস থেকে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের অপসারণ করে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ দেয়ার প্রতিবাদে সমিতি আন্দোলন চালিয়ে যাচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি।